# B.A. 3rd Semester (Honours) Examination, 2018 (CBCS)

## Subject : Bengali

## Course : CC-6

**Time: 3 Hours** **Full Marks: 60**

*The figures in the margin indicate full marks.*
*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) ভারতীয় আর্যভাষার শেষ স্তর কোনটি? এই পর্বটির সূচনা আনুমানিক কোন সময় থেকে বলে মনে করা হয়?

(খ) আধুনিক বাংলা ভাষার সময়সীমা উল্লেখ করে এই সময়ের বাংলা ভাষার একটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যের উদাহরণ দাও।

(গ) আমের রস>রামের অস— এই জাতীয় পরিবর্তন কোন বাংলা উপভাষার বৈশিষ্ট্য? এই উপভাষা কোন অঞ্চলে প্রচলিত?

(ঘ) 'ODBL' —কার লেখা? এর পুরো নাম কী?

(ঙ) জটিল বাক্য কাকে বলে? একটি দৃষ্টান্ত দাও।

(চ) 'ক্ষতিপূরক দীর্ঘীভবন' কাকে বলে? উদাহরণ দাও।

(ছ) 'ইস্কুলে না গিয়ে ছেলেরা ইস্টিমার ঘাটে খেলা করছে'— অধোরেখাঙ্কিত শব্দ দুটিতে কী জাতীয় ধ্বনি পরিবর্তন ঘটেছে বুঝিয়ে দাও।

(জ) 'পলতা' শব্দটিতে ধ্বনি পরিবর্তনের কোন সূত্র কাজ করেছে? মূল শব্দটি কী?

(ঝ) অর্ধ-তৎসম শব্দ কাকে বলে? উদাহরণ দাও।

(ঞ) 'স্বরভক্তি' কাকে বলে? উদাহরণ দাও।

(ট) সংজ্ঞাসহ যৌগিক ক্রিয়ার উদাহরণ দাও।

(ঠ) 'স্পুনারিজম' নামক ধ্বনি পরিবর্তনটি কার নামে প্রচলিত? এই জাতীয় ধ্বনি পরিবর্তনের একটি উদাহরণ দাও।

(ড) 'উপবাক্য' কাকে বলে? উদাহরণ দাও।

(ঢ) 'লোকটি রোগা হলেও দুর্বল নয়'— গঠনগত দিক থেকে বাক্যটি কোন শ্রেণিভুক্ত? বাক্যটিকে যৌগিক বাক্যে রূপান্তরিত করো।

(ণ) কোন গদ্যরীতিতে ধ্বন্যাত্মক শব্দের প্রয়োগ লক্ষ করা যায়? দুটি ধ্বন্যাত্মক শব্দের উদাহরণ দাও।

২। *যে কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) বাংলা ভাষায় স্পর্শ ব্যঞ্জনের সংখ্যা কয়টি? উচ্চারণস্থান অনুসারে বাংলা ব্যঞ্জনধ্বনিগুলির শ্রেণিবিভাগ করো।

(খ) বাক্য গঠনের সময় কোন তিনটি বিষয়ের প্রতি লক্ষ রাখা হয়? যথার্থ বাক্যের 'ত্রিসূত্র' সংক্ষেপে আলোচনা করো।

(গ) বাংলা সাধু গদ্য ও চলিত গদ্যের দু'জন প্রতিনিধি স্থানীয় লেখকের নামোল্লেখ করে এই দুই প্রকার গদ্যরীতির দু'টি করে বৈশিষ্ট্যের পরিচয় দাও।

(ঘ) মনস্তাত্ত্বিক কারণে বাংলা ভাষায় যে ধ্বনি পরিবর্তন ঘটে, সেগুলি কী কী? এর মধ্যে দুটি শ্রেণির উদাহরণসহ আলোচনা করো।

(ঙ) উদাহরণ-সহ টীকা লেখো (*যে কোনো দুইটি*)ঃ ২½×২=৫

কৃতঋণ শব্দ, সুভাষণ, শ্রুতিধ্বনি, লোকনিরুক্তি।

(চ) ভাষাতাত্ত্বিক টীকা লেখো (*যে কোনো দুইটি*)ঃ ২½×২=৫

আনারস, পাষণ্ড, গাঙ, পান।

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) অন্ত্য-মধ্যযুগের বাংলা ভাষার কালসীমা এবং এই যুগের একটি সাহিত্যিক নিদর্শনের নাম উল্লেখ করে এই যুগের বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(খ) বাংলা ভাষায় উপভাষা কয়টি ও কী কী? রাঢ়ী উপভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যের উল্লেখ করো।

(গ) শব্দার্থ পরিবর্তনের ধারাকে প্রধানত কয়টি ভাগে ভাগ করা হয়েছে ও কী কী? উদাহরণসহ বাংলা শব্দার্থ পরিবর্তনের বিভিন্ন শ্রেণির আলোচনা করো।

(ঘ) বাংলা শব্দভাণ্ডারের উদাহরণসহ পরিচয় দাও।

---

২০২০

* আদি যুগের / আদিমধ্য যুগের বাংলা ভাষার বৈশিষ্ট্যগুলির আলোচনা
* ধ্বনি পরিবর্তনের ধারাগুলির আলোচনা করো।
* ধ্বনি পরিবর্তনের কারণগুলি আলোচনা করো।
* উপভাষা কাকে বলে? উপভাষা কয়টি, কী কী? রাঢ়ী ও বঙ্গালীর পার্থক্য।

COMA